

History Study Material

Dumkal College

Semester-6, DSE Course-I

[HISTORY OF BANGLADESH FROM LIBERATION TO THE PRESENT DAY]

1952 খ্রিস্টাব্দ থেকে বাংলাদেশে ভাষাভিত্তিক জাতীয়তাবাদের বিকাশের কারণ।

[Unit-2: Emergence of linguistic nationalism since 1952]

অথবাঃ বাঙালি জাতীয়তাবাদ বিকাশে ১৯৫২ সালের ভাষা আন্দোলনের তাৎপর্য।

ভাষা আন্দোলন মূলত একটি সাংস্কৃতিক আন্দোলন। সাংস্কৃতিক আন্দোলন হলেও বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এর গুরুত্ব ছিল অপরিসীম ও সুদূরপ্রসারী। বাঙালি জাতীয়তাবাদের বিকাশেও ১৯৫২ সালের ভাষা আন্দোলন অত্যন্ত তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখে। স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার পেছনে এই ভাষা আন্দোলনের গুরুত্ব অনস্বীকার্য। ভাষা আন্দোলনের মাধ্যমেই তৎকালীন পূর্ব বাংলার গণতান্ত্রিক আন্দোলন সুসংহত হয় এবং অগ্রগতি লাভ করে। ভাষা আন্দোলনের চেতনাই জনগণের মধ্যে পরবর্তীকালে একাত্তরের মহান স্বাধীনতা যুদ্ধের এক নতুন চেতনার উন্মেষ ঘটায় এবং এর মাধ্যমে ক্রমান্বয়ে বাঙালি জাতীয়তাবাদের বিকাশ ঘটে। এই ভাষা আন্দোলন বাঙালি জনগণের সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক আকাঙ্ক্ষাকে বহুগুণে বাড়িয়ে দেয়। বাঙালি জাতীয়তাবাদ বিকাশে রাষ্ট্রভাষা আন্দোলন ভূমিকা নিম্নরূপ-

ভাষা আন্দোলনের মধ্য দিয়ে বাঙালি জাতি যে গণতান্ত্রিক আন্দোলনের সূত্রপাত করেছিল, তা পরবর্তী আন্দোলনগুলোর জন্য আশীর্বাদ বয়ে আনে। ১৯৫৪ সালের যুক্তফ্রন্টের ঐতিহাসিক বিজয়, ১৯৬২ সালের শিক্ষা আন্দোলন, ১৯৬৬ সালের ৬ দফা, ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান, ১৯৭০ সালের নির্বাচন এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের জন্য বিশেষভাবে প্রেরণা জুগিয়েছে ১৯৫২ সালের ভাষা আন্দোলন। সুতরাং ভাষা আন্দোলনই পরবর্তীকালে সব রাজনৈতিক আন্দোলনের মাধ্যমে ধীরে ধীরে স্বাধীনতার পথকে সুপ্রশস্ত করেছে। তাই ১৯৫২-এর ভাষা আন্দোলন বাংলাদেশ ও বাঙালি জাতীয়তাবাদ উদ্ভবে এক বলিষ্ঠ পদক্ষেপ।

ভাষা চেতনার অনিবার্য ফলস্বরূপ পাকিস্তানের মাটিতে বাঙালি জাতীয়তাবাদের উদ্ভব ঘটেছিল কারণ সেদিন নিজেদের অস্তিত্ব রক্ষার উপলক্ষের মধ্য দিয়ে এ অঞ্চলের সাধারণ

জনগণ ভাষার প্রশ্নে যে স্বতন্ত্রবোধের পরিচয় দিয়েছিল, পরবর্তীকালে বাঙালি জাতীয়তাবাদের রূপ পরিগ্রহ করে। বস্তুত বাহাল্লর ভাষা আন্দোলনের ভেতর দিয়ে বাঙালি জাতিসত্ত্বার স্বতন্ত্র বিকাশের গতিপথ নির্ধারিত হয়েছিল।

(১) জাতীয় চেতনা সৃষ্টি: জাতীয় চেতনা সৃষ্টিতে ভাষা আন্দোলনের গুরুত্ব অপরিসীম। এই আন্দোলন বাঙালি জাতির ভাষা ভিত্তিক জাতীয়তাবাদের উন্মেষ ঘটায়। এ আন্দোলনের মধ্য দিয়ে বাঙালি জাতি নিজেদের স্বতন্ত্র রাজনৈতিক স্বাধীকার সম্পর্কে সচেতন হয়। নিপীড়িত ও গর্বিত বাঙালি জাতির মনে রাজনৈতিক সচেতনতা তীব্র থেকে তীব্রতর হতে শুরু করে।

(২) দাবি আদায়: বাঙালিদের দাবি আদায়ের একটি বিশেষ পদক্ষেপ হল এ আন্দোলন। ভাষা আন্দোলনের মধ্য দিয়ে বাঙালি জাতি বহু ত্যাগের বিনিময়ে জাতীয়তাবাদী দাবি আদায়ের শিক্ষা পায়। তারা ধীরে ধীরে দাবি আদায়ের ক্ষেত্রে সোচ্চার ভূমিকা পালন করে। তারা আত্মনিয়ন্ত্রণাধিকার কায়েমের সংগ্রাম চালিয়ে যাবার লক্ষ্যে দৃঢ় সংকল্প পোষণ করে।

(৩) একাত্মতা ঘোষণা: একাত্মতা ঘোষণায় ভাষা আন্দোলনের গুরুত্ব অনস্বীকার্য। এই আন্দোলনের মধ্য দিয়ে বিশেষ করে বুদ্ধিজীবী সমাজ জনগণের সাথে একাত্মতা ঘোষণা করে। ছাত্র, কৃষক, জনতা, শ্রমিক ও বুদ্ধিজীবী সকলে একত্রিত ভাবে আন্দোলনে शामिल হয়। ফলে সকলের মধ্যে জাতীয়তাবাদী বন্ধন সৃষ্টি হয়। আর এ একাত্মতাবোধ জাতীয়তাবাদ বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

(৪) শহীদ দিবসের মর্যাদা: শহীদ দিবসের মর্যাদা ভাষা আন্দোলনের একটি সফল দিক। ভাষা আন্দোলনের মাধ্যমে বাঙালি জাতি শহীদ দিবসের মর্যাদা উপলব্ধি করতে শিখেছে। এ উপলব্ধি বাঙালি জাতীয়তাবাদ বিকাশে কার্যকর ভূমিকা পালন করেছে।

(৫) সাম্প্রদায়িকতা রোধ: সাম্প্রদায়িকতা রোধে ভাষা আন্দোলনের অবদান কম নয়। এ আন্দোলনের মধ্য দিয়ে বাঙালিদের মনে সাম্প্রদায়িকতা বিরোধী মনোভাব গড়ে ওঠে। এ সাম্প্রদায়িকতা বিরোধী মনোভাব জাতীয়তাবাদী আন্দোলনকে আরও গতিশীল করে তোলে।

(৬) পরবর্তী আন্দোলনের ডাক: ভাষা আন্দোলনের মধ্য দিয়ে বাঙালি জাতি পরবর্তী আন্দোলনের ডাক দেয়। ভাষা আন্দোলনের মধ্যে পরবর্তী আন্দোলনের বীজ নিহিত হয়। এ আন্দোলন পরবর্তী আন্দোলনকে আরও জোরদার করে তোলে। ফলে জাতীয়তাবাদ বিকাশের পথ আরও সুগম হয়।

(৭) মধ্যবিত্ত শ্রেণীর গুরুত্ব বৃদ্ধি: ভাষা আন্দোলনের মধ্য দিয়ে মধ্যবিত্ত শ্রেণীর গুরুত্ব বৃদ্ধি পায়। এ আন্দোলন পূর্ব বাংলার মধ্যবিত্ত শ্রেণী প্রভাবশালী ভূমিকায় অবতীর্ণ হয়। অতীতে এ অঞ্চলে সমাজের উচ্চ শ্রেণীর দ্বারা রাজনীতি নিয়ন্ত্রিত ও পরিচালিত হত। এ পথ ধরে মধ্যবিত্ত শ্রেণী ৭১-এর আন্দোলনে ঝাপিয়ে পড়ে। পরবর্তীতে ১৯৫৪ সালে বাঙালিদের যুক্ত ফ্রন্টের বিজয়, ছয় দফা ও ১৯৬৯ সালের গণআন্দোলন, ১৯৭০ সালের নির্বাচনে ঐতিহাসিক বিজয় এবং সর্বোপরি ১৯৭১ সালের স্বাধীনতার যুদ্ধে উক্ত আন্দোলনের প্রভাব ছিল অস্বাভাবিক।

Dumkal College